

## ব্রয়লার মুরগি প্রতিপালন-স্বনির্ভরতার পদক্ষেপ

পার্থ বিশ্বাস বনগাঁর এক কৃষক পরিবারের সন্তান। আর পাঁচটা ছেলের মতই পড়াশুনা, খেলাধুলা, আড্ডার মধ্য দিয়েই কেটে যাচ্ছিল তার দিন। কিন্তু ছোটবেলা থেকেই তার স্বপ্ন ছিল কিছু কাজ করে নিজের পায়ে দাঁড়াবার। পশ্চিমবঙ্গ রাজ্য বিপন্ন দপ্তরের নেতাজী সুভাষ ট্রেনিং ইনস্টিটিউট অফ এগ্রিকালচারাল মার্কেটিং, (ট্রেনিং ইনস্টিটিউট অফ ওয়েস্টবেঙ্গল স্টেট মার্কেটিং বোর্ড) শাসন পাড়া, বৈদ্যবাটি, হুগলি এবং সি.টি.আর.ডি র যৌথ ব্যবস্থাপণায় ১৩ সপ্তাহ ব্যাপী প্রশিক্ষনে একজন ট্রেনি হিসাবে মনোনীত হবার পর তার স্বপ্ন পূরণের প্রথম সিঁড়ির ধাপে পা রাখল। প্রথম প্রথম তার মনে হয়েছিল এই ৩ মাস বন্ধু-বান্ধব বাড়ির



লোকজনকে ছেড়ে সে থাকতে পারবে না, হয়তো মাঝপথেই ছেড়ে দিতে হবে। কিন্তু প্রশিক্ষন শুরু হবার পর শিক্ষকদের উৎসাহ, তাদের ব্যবহার তাকে এক মায়ার বাঁধনে বেঁধে ফেলল। যাইহোক প্রশিক্ষন শেষে দাদার উৎসাহ ও সাহায্যে (যে ইতিমধ্যে ছোট আকারে এই ব্যবসা শুরু করেছেন) শুরু করল ব্রয়লার মুরগি প্রতিপালন। এই ব্যবসায় প্রয়োজন প্রচুর অর্থের। সে এই জন্য সন্তান চিকেনের কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করল। এই ব্যবসায় খামারিকে মুরগি প্রতিপালনের জায়গা, ঘরের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষন করতে হয়। মুরগির বাচ্চা, খাবার, ওষুধ পত্র ইত্যাদি সরবরাহ করে সংস্থা।

কিন্তু ঘর তৈরি এবং আনুষঙ্গিক অন্যান্য খরচের জন্য দরকার প্রায় ৪ থেকে ৫ লক্ষ টাকায়। সে তার বাবার মাধ্যমে স্থানীয় কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে শুরু করল ৭০০০ ব্রয়লার মুরগি প্রতিপালনের ব্যবসা।

এই ব্যবসার পদ্ধতি অনুযায়ী সর্বাধিক ৪৫ দিনের মধ্যে একটি চক্র শেষ হয়। এরপর শুরু হয় দ্বিতীয়



চক্র।এভাবে বছরে কমকরে ৭টি চক্র ভালভাবেই করা যায়।কখনো কখনো আবার ৮টি চক্রও করা যায়।

মোটামুটি ৪৫ দিনের একটি চক্রের আয়-ব্যয় কেমন হতে পারে তার হিসেব নীচে দেখান হল:

৭০০০ মুরগির ৩৮-৪০ দিনে গড় ওজন হয় ২ কেজি।সুতরাং ৭০০০ মুরগির মোট ওজন হয়  $৭০০০*২=১৪০০০$  কেজি(প্রায়)।

শর্ত অনুযায়ী এই প্রতিপালনের জন্য খামারি কেজি প্রতি ৪ থেকে ৫ টাকা পর্যন্ত পেয়ে থাকে।(মরশুম অনুযায়ী এর দাম বাড়ে)

সুতরাং  $১৪০০০$  কেজি থেকে খামারির আয়- $১৪০০০*৪.০০=৫৬০০০.০০$  টাকা।

● প্রতিপালনের খরচ-(প্রতিচক্রে)

শ্রমিকের ৪৫ দিনে মজুরি	১০,০০০.০০ টাকা
ইলেকট্রিক চার্জ	২,০০০.০০ টাকা
একটি চক্রের পর আবার ঘরের তদারকি ও পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ খরচ	৩,০০০.০০ টাকা
মোট খরচ	<u>= ১৫,০০০.০০ টাকা</u>

● লাভ কেমন পাওয়া যাবে?

মুরগি প্রতিপালন বাবদ আয়-	৫৬,০০০.০০ টাকা
প্রতি চক্রে ২৫০টি খাবারের বস্তা (৪৫ টাকা হিসেবে)	
বিক্রি বাবদ আয় $২৫০*৪৫.০০=$	১১,২৫০.০০ টাকা
লিটার বিক্রি বাবদ আয়	৩,০০০.০০ টাকা
মোট আয়	<u>= ৭০,২৫০.০০ টাকা</u>

- খরচ বাদ দিয়ে নীট লাভ-  $৭০,২৫০.০০-১৫,০০০.০০$   
 $= ৫৫,২৫০.০০$  টাকা

- এর থেকে আমি ঋন শোধ করি ৩০,০০০.০০ টাকা
- সুতরাং আমার নীট লাভ ২৫ হাজার টাকা।

প্রশিক্ষনে এসে দেখা গেল সবার লক্ষ্য প্রশিক্ষন শেষে একটা চাকরির।কিন্তু এখানকার শিক্ষক মহাশয়রা প্রতি মুহূর্তে প্রত্যেককে উপদেশ দিতেন তাদের যার যা সুযোগ আছে তা কাজে লাগিয়ে ঝাঁপিয়ে পড়তো।তার এই মুরগি প্রতিপালনের কাজের দেখাদেখি আরো ৫-৭ টি পরিবার এই ব্যবসার সাথে যুক্ত হয়েছে এবং তারা সুন্দরভাবে তাদের সংসার প্রতিপালন করছে।এটা তার কাছে একটা বড় তৃপ্তির জায়গা।সে মনে করে যে কোন কাজে এগিয়ে চলতে গেলে অনেক বাঁধা বিপত্তি আসবে।কিন্তু নিরলস প্রচেষ্টা,নিষ্ঠা, সততা ও লক্ষ্য স্থির থাকলে অতিষ্ঠ লক্ষ্যে একদিন পৌঁছানো যাবেই।

### পার্থর করা কাজের কিছু তথ্যচিত্র:

